

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪.৫২

তারিখ : ১৬/০১/২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে স্মারক নং-৩৯০৩, তারিখ : ২৯/০৯/২০১৬ এবং স্মারক নং-৬৮, তারিখঃ ০২/০২/২০১৭ খ্রিঃ মূলে জারিকৃত নির্দেশনা লংঘন করে অনেকে ক্ষেত্রে সমিতি বাস্তবে পরিদর্শন ও যাচাই না করে সফটওয়্যার হতে তথ্য নিয়ে মাঠ সংগঠকদের দিয়ে সুফলভোগী সদস্যদের স্বাক্ষর করিয়ে বা ভুয়া স্বাক্ষর করে WCSসহ প্রতিবেদন প্রস্তুতপূর্বক সদর দপ্তরে প্রেরণ করছেন। ফলে জারিকৃত নির্দেশনার উদ্দেশ্য সম্পূর্ণরূপে ব্যহত হচ্ছে। কর্মসূচির কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়নের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন করতে বলা হলোঃ


ক) প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে প্রতি মাসে প্রতি মাঠ সংগঠকের কমপক্ষে ০২ (দুই) টি করে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি নিবিড়ভাবে পরিদর্শন করবেন এবং পরিদর্শনকালে সমিতির WCS(with data), উপস্থিত সদস্যদের পাশ বহি ও ক্যাশ বহি/কর্জ খতিয়ান মিল করবেন। সমিতির WCS এর সাথে সদস্যদের পাশ বহি মিলকরণের সময় উপস্থিত সদস্যদের পাশ বহিতে এআরডিও আবশ্যিকভাবে তারিখসহ স্বাক্ষর করবেন। উক্ত WCS উপস্থিত সদস্যদের মোবাইল নম্বরসহ স্বাক্ষর সম্বলিত হতে হবে এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক বাস্তবে পরিদর্শন করেছেন কিনা তা নিশ্চিত হয়ে প্রতিস্বাক্ষরিত করবেন। নিম্নোক্ত ছকে পরিদর্শন প্রতিবেদনের সাথে প্রতিস্বাক্ষরিত WCS সমূহ সংযুক্ত করে প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে ই-মেইলে/ডাকযোগে কর্মসূচির সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ক্র নং	সমিতির নাম	পরিদর্শনের তারিখ	পরিদর্শনের সময়	পরিদর্শনের তারিখ পর্যন্ত						মন্তব্য
				WCS অনুযায়ী মোট		সদস্য পাশ বহি অনুযায়ী মোট		ক্যাশ বহি/কর্জ খতিয়ান অনুযায়ী মোট		
				ঋণ	সঞ্চয়	ঋণ	সঞ্চয়	ঋণ	সঞ্চয়	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

খ) পরিদর্শন ছকের কলাম-৪ এর তথ্য(পরিদর্শনের সময়)সহ সকল তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। ফিল্ড ফোর্স লোকেটর সফটওয়্যার মাধ্যমে প্রকল্প দপ্তর হতে পরিদর্শনের সত্যতা যাচাই করা হবে।

গ) সমিতি পরিদর্শনপূর্বক WCS সহ পরিদর্শন প্রতিবেদন কর্মসূচির সদর দপ্তরে প্রেরণকারী সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/উপজেলার তালিকা প্রতি মাসের শেষ কর্ম দিবসে কর্মসূচির ওয়েবসাইটে প্রকাশ করা হলে সে অনুযায়ী সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বেতন ভাতা প্রদান করা যাবে; অন্যথায় বেতন-ভাতা প্রদান করা যাবে না।

২। কর্মসূচির স্বার্থে এ আদেশ জারি করা হলো; ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো।  
ফোন নং-৮১৮০০১৪৪

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪. ৫২

তারিখ : ১৬/০১/২০১৯ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা(প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল:

০১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০২. উপপরিচালক, বিআরডিবি, জেলা :.....।
০৩. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা :....., জেলা :.....।
০৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা :....., জেলা :.....।
০৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৭. অফিস কপি/গার্ড ফাইল



মোহাম্মদ আতিকুর রহমান  
উপপ্রকল্প পরিচালক, ইরেসপো।  
ফোন নং-৮১৮০০১৪৩